

## মেয়র আনিসুল হকের রক্তচাপ ও ইলেক্ট্রোলাইট এর মাত্রা স্বাভাবিক

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১৬ আগস্ট ২০১৭, ২১:৩৯

বিজ্ঞাপন



মেয়র আনিসুল হক (ছবি সংগৃহীত)



লন্ডনে চিকিৎসারত ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে। তার রক্তচাপ ও ইলেক্ট্রোলাইট এর মাত্রা এখন স্বাভাবিক আছে। তবে এখনও তিনি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিউ) আছেন। বাংলা ট্রিবিউনকে এ তথ্য নিশ্চিত করেছেন মেয়রের পারিবারিক বন্ধু এবং নাগরিক টিভির প্রধান পরিচালন কর্মকর্তা ডা. আব্দুন নূর তুষার। তিনি জানিয়েছেন, চিকিৎসকরা আনিসুল হকের পরবর্তী চিকিৎসায় যাওয়ার আগে তাকে স্থিতিশীল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন।

মেয়র আনিসুল হকের সর্বশেষ শারীরিক অবস্থা জানিয়ে ডা. আব্দুন নূর তুষার বুধবার রাত ৯টার দিকে একটি ফেসবুক স্ট্যাটাস দিয়েছেন। এতে তিনি লিখেছেন, 'আনিসুল হক এখনও নিবিড় পরিচর্যায় আছেন। তার রক্তচাপ ও ইলেক্ট্রোলাইট এর মাত্রা এখন স্বাভাবিক আছে। তাকে চিকিৎসকরা পরবর্তী চিকিৎসায় যাবার আগে স্থিতিশীল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন। সবাই দোয়া করবেন, যাতে কোনও প্রতিকূলতা ছাড়া তার চিকিৎসার ধাপগুলি সম্পন্ন হয়। আল্লাহর অশেষ কৃপায় তিনি যেন রোগমুক্ত হয়ে ফিরে আসেন দেশে। সকলে এই দোয়া করবেন।'

বিজ্ঞাপন

এরপর ডা. আব্দুন নূর তুষারের সঙ্গে বাংলা ট্রিবিউনের পক্ষ থেকে যোগাযোগ করা হলে তিনি জানান, 'তথ্য অথেনটিক (সঠিক)। গত কয়েকমাস যাবত মেয়রের চিকিৎসার সব কাজের সঙ্গেই আমি রয়েছি।'

এর আগে রাত ৮টার দিকে মেয়রের সহকারী একান্ত সচিব (এপিএস) মিজানুর রহমান বাংলা ট্রিবিউনকে বলেন, 'স্যার এখনও আইসিইউতেই আছেন। ডাক্তাররা তাকে নিবিড় পর্যবেক্ষণে রেখেছেন। অবস্থার উন্নতি বা অবনতি কিছুই এখনও বলা যাচ্ছে না। আশঙ্কায়ুক্ত কিংবা মুক্তও বলা যাবে না। আপনারা স্যারের জন্য দোয়া করবেন।'

তার ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মেসবাহুরুল ইসলাম বাংলা ট্রিবিউনকে বলেন, 'আমরা স্যারের খোঁজখবর নিচ্ছি। তার পরিবারের সঙ্গে যোগাযোগ রাখছি। যেটা মনে হচ্ছে, অবস্থা উন্নতির দিকে আছে। শুনেছি তার প্রেসারের উন্নতি হয়েছে। তবে এখনও পুরোপুরিভাবে কিছুই বলা যাচ্ছে না। আপনারা তার জন্য দোয়া করবেন।' তিনি আরও বলেন, 'এই মানুষটি সবসময়ই শুধু ঢাকা নিয়ে চিন্তা করেন। আমি ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে অন্তত এ কথাটি নিশ্চিতভাবে বলতে পারি।'

এদিকে মেয়র আনিসুল হকের সঙ্গতা কামনায় তার সবগুলো ব্যবসায় প্রতিষ্ঠানে আজ দোয়া মাহফিলের আয়োজন করা ×

গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবারে লন্ডন যান আনিসুল হক। সেখানে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে তাকে স্থানীয় একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়। তিনি সেরিব্রাল ভাসকুলাইটিসে (মস্তিষ্কের রক্তনালীর প্রদাহ) আক্রান্ত হয়েছেন।

মেয়ের পারিবারিক সূত্র জানায়, তিনি আগে থেকেই কিছুটা অসুস্থ ছিলেন। দেশে চিকিৎসকরা তার সমস্যাটা ঠিক ধরতে পারেননি। গত ১৪ তারিখ তার দেশে ফেরার কথা ছিল।

/এসএস/এএম/টিএন/

বিজ্ঞাপন

\*\*\* বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।

© 2021 Bangla Tribune

×